রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৪ সনের ১৩ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২৭, ২০১৪

সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১৭১—১৭৭ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১৯ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩৮৯—৪১০ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৫২১—৫৮২ | (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

### আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
### আইন ও বিচার বিভাগ
### বিচার শাখা-৭

### আদেশাবলী

তারিখ, ২২ ডিসেম্বর ২০১৩

**নং বিচার-৭/২এন-১১/২০১৩-১৮৩০**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব সমীর কুমার বণিক, পিতা দূর্গা প্রসাদ বণিক, মাতা মৃত মঞ্জু রানী বণিক, গ্রাম ও ডাকঘর যোশর, উপজেলা শিবপুর, জেলা নরসিংদী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নরসিংদী জেলার শিবপুর উপজেলার জয়নগর, যশোর, বাঘাব ও আয়ুবপুর ইউনিয়ন এলাকায় হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ১২ ডিসেম্বর ২০১৩

**নং বিচার-৭/২এন-৬০/২০১৩-১৮৩১**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব জিতেন্দ্র নাথ রায়, গ্রাম উত্তর দলদলিয়া, ডাকঘর দলদলিয়া, উপজেলা উলিপুর, জেলা কুড়িগ্রাম। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুড়িগ্রাম জেলার উলিপুর

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd

উপজেলার দলদলিয়া, খেতরাইল, গুনাইগাছ, বজরা, পান্ডুল, দূর্গাপুর ও ধরণীবাড়ী ইউনিয়ন এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২২ ডিসেম্বর ২০১৩

**নং বিচার-৭/২এন-৮০/২০১৩-১৮৩২**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব রামপদ সরকার, পিতা মৃত দেবেন্দ্র নাথ সরকার, মাতা সরলা বালা সরকার, গ্রাম শ্যামাইলদহ, ডাকঘর ধরইলহাট, উপজেলা উল্লাপাড়া, জেলা সিরাজগঞ্জ। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২৩ ডিসেম্বর ২০১৩

**নং বিচার-৭/২এন-৮৫/২০১৩-১৮৩৩**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (শ্যামলী রাণী, স্বামী অশীল কুমার রায়, মাতা পঞ্চমী রাণী, গ্রাম খামার পাড়া, ডাকঘর দূর্গাপুর, থানা পার্বতীপুর, জেলা দিনাজপুর)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলার হাবড়া, পলাশবাড়ী, মোমিনপুর, মোস্তফাপুর, হামিদপুর, হরিরামপুর ইউনিয়নের জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৮৫/২০১৩-১৮৩৪**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব দুলাল চন্দ্র রায়, পিতা সুবল চন্দ্র রায়, মাতা কল্পনা রানী মহান্ত, গ্রাম গোবিন্দপুর, ডাকঘর খানসামা, উপজেলা খানসামা, জেলা দিনাজপুর)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে দিনাজপুর জেলার খানসামা উপজেলার আলোকঝাড়ী, ভেড়ভেড়ী, আঙারপাড়া ইউনিয়নের জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ১৮ নভেম্বর ২০১৩

**নং বিচার-৭/২এন-৬৮/২০০৪-১৬৩৬**—আদিষ্ট হইয়া জানাইতেছি যে, সরকার মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ (সংশোধিত বিধিমালা, ২০১৩) এর ৬ক বিধি মোতাবেক জনাব মোঃ মুজাহিদ, পিতা মোঃ আব্দুল কাদের, মাতা মাহফুজা আক্তার, গ্রাম নওপাড়া, ডাকঘর নওপাড়া, উপজেলা গাংনী, মেহেরপুরকে পিতার ইন্তেকালজনিত কারণে আদালতে কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না, এই শর্তে মেহেরপুর জেলার গাংনী উপজেলার ১নং কাথুলী ইউনিয়নের অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স প্রদানের অনুমোদন জ্ঞাপন করিলেন।

২। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বিধি মোতাবেক দরখাস্ত আহ্বানপূর্বক অবিলম্বে স্থায়ী নিয়োগের প্যানেল প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৩। ইতোমধ্যে সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

৪। পরবর্তীতে বিধি মোতাবেক স্থায়ী নিয়োগ হওয়ার সাথে সাথে অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে।

এই আদেশ কোন মামলায় কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না।

**নং বিচার-৭/২এন-৭১/২০০৪-১৬৩৭**—আদিষ্ট হইয়া জানাইতেছি যে, সরকার মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ (সংশোধিত বিধিমালা, ২০১৩) এর ৬ক বিধি মোতাবেক জনাব মোঃ মেছবাহুর রহমান, পিতা মোঃ আব্দুল কুদ্দুস, মাতা মোসাঃ কুরসিয়া খাতুন, গ্রাম কুতুরপুর, ডাকঘর কাথুলী, উপজেলা মেহেরপুর, জেলা মেহেরপুর কে আদালতে কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না, এই শর্তে মেহেরপুর জেলার সদর উপজেলার ১নং কুতুরপুর ইউনিয়নের অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স প্রদানের অনুমোদন জ্ঞাপন করিলেন।

২। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বিধি মোতাবেক দরখাস্ত আহ্বানপূর্বক অবিলম্বে স্থায়ী নিয়োগের প্যানেল প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৩। ইতোমধ্যে সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

৪। পরবর্তীতে বিধি মোতাবেক স্থায়ী নিয়োগ হওয়ার সাথে সাথে অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে।

এই আদেশ কোন মামলায় কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না।

তারিখ, ২৪ ডিসেম্বর ২০১৩

**নং বিচার-৭/২এন-৩১/২০১৩-১৮৪১**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব গোবিন্দ প্রসাদ ভট্টাচার্য্য, পিতা মৃত হীরালাল ভট্টাচার্য্য, মাতা পূর্ণিমা ভট্টাচার্য্য, গ্রাম গগণ কুঠির স্কুল সড়ক, উপজেলা মৌলভীবাজার, জেলা মৌলভীবাজার)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মৌলভীবাজার জেলার মৌলভীবাজার সদর পৌরসভার এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৮৫/২০১৩-১৮৪৩**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব অক্ষয় কুমার রায়, পিতা মৃত সুরেন্দ্র নাথ রায়, মাতা মৃত সহবা সুন্দরী রায়, গ্রাম মুর্শিদহাট, ডাকঘর সেতাবগঞ্জ, উপজেলা বোচাগঞ্জ, জেলা দিনাজপুর)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে দিনাজপুর জেলার বোচাগঞ্জ উপজেলা এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২৬ ডিসেম্বর ২০১৩

**নং বিচার-৭/২এন-৭৮/২০১৩-১৮৫৫**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব প্রীতম কুমার সাহা, পিতা প্রবীর কুমার সাহা, মাতা রীতা রানী সাহা, মহল্লা গোপালপুর, উপজেলা পাবনা সদর, জেলা পাবনা)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পাবনা জেলার পাবনা পৌরসভা এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ হেমায়েত উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

---

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**পর্যটন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ ডিসেম্বর ২০১৩

**নং ৩০.০১৬.০২২.০০.০০.০০৬.২০১২-৪০৪**—বাংলাদেশ পর্যটন বোর্ড আইন, ২০১০ এর ধারা ৬(২) অনুযায়ী নিম্নরূপভাবে বাংলাদেশ পর্যটন বোর্ডের (Bangladesh Tourism Board) গভর্নিং বডি পুনঃগঠন করা হইল ঃ

**চেয়ারম্যান**

(১) সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার)।

(৩) স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার)।

(৪) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার)।

(৫) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার)।

(৬) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার)।

(৭) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার)।

(৮) পরিবেশ ও বন মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার)।

(৯) পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার)।

(১০) ভূমি মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার)।

(১১) চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন করপোরেশন

(১২) ট্রাভেল এজেন্সী সংগঠন বা সমপর্যায়ভুক্ত সংগঠনের প্রতিনিধি-জনাব এস. এন. মঞ্জুর মোর্শেদ (মাহবুব), সভাপতি, আটাব (এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ)।

(১৩) ট্যুর অপারেটর সংগঠন বা সমপর্যায়ভুক্ত সংগঠনের প্রতিনিধি-জনাব তৌফিক উদ্দিন আহমেদ, সভাপতি, টোয়াব (ট্যুর অপারেটস্ এসোসিয়েশন্স অব বাংলাদেশ)।

(১৪) হোটেল, রিসোর্ট, রেস্তোরাঁ বা সমপর্যায়ভুক্ত সংগঠনের প্রতিনিধি-জনাব খবির উদ্দিন আহমেদ, সভাপতি, ট্রিয়াব (টুরিজম রিসোর্ট ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশন্স অব বাংলাদেশ)।

(১৫) পর্যটন সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ শিক্ষাবিদ বা গবেষক-অধ্যাপক মজিব আহমেদ, পিএইচডি, চেয়ারম্যান, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(১৬) পর্যটন সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ মহিলা প্রতিনিধি-জনাব মনোয়ারা হাকিম আলী, ফাস্ট ভাইস প্রেসিডেন্ট, এফবিসিসিআই (ফেডারেল অব বাংলাদেশ চেম্বারর্স অব কমার্স এন্ড ইন্ড্রাস্টি)।

**সদস্য-সচিব**

(১৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, বিটিবি (বাংলাদেশ ট্যুরিজম বোর্ড)।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

**মোঃ ফিরোজ খান্নুন**
যুগ্মসচিব।

---

**বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ**
**প্রশাসন-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৪ ডিসেম্বর ২০১৩

নং ২৮.০১৩.০১১.০২.০০.০৩৪.২০১০-৪২৯—বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (২০০৩ সালের ১৩ নং আইন) এর ৬(২) ধারা অনুযায়ী জনাব মোঃ মাকসুদুল হক, পিতা মরহুম আলহাজ্ব মোঃ আইয়ুব আলী মিয়া, মাতা মৃত রাহেলা বেগম, গ্রাম চর কেওয়ার, ডাকঘর ভিটিহোগলা, উপজেলা ও জেলা মুন্সিগঞ্জ, বর্তমান ঠিকানা ১৩৪/এ, পূর্ব রাজা বাজার, ঢাকা-১২১৫-কে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর সদস্য হিসেবে নিম্নে উল্লিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো।

২। নিয়োগের শর্তাবলী নিম্নরূপ ঃ

(ক) তাঁর চাকুরির মেয়াদ হবে ৩ (তিন) বৎসর এবং এই মেয়াদ যোগদানের তারিখ হতে কার্যকর হবে;

(খ) তাঁর চাকুরি কমিশনের সার্বক্ষণিক চাকুরি হিসেবে বিবেচিত হবে এবং কমিশনে নিযুক্ত থাকা অবস্থায় তিনি লাভজনক অন্য কোন চাকুরিতে নিয়োজিত হতে পারবেন না;

(গ) তিনি যে কোন সময় ১ (এক) মাসের নোটিশ প্রদান পূর্বক রাষ্ট্রপতির উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করতে পারবেন;

(ঘ) তাঁর অপসারণের ক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ১১ ধারা প্রযোজ্য হবে;

(ঙ) তিনি অর্থ মন্ত্রণালয় কর্তৃক ২৯-৫-২০১১ তারিখের স্মারক নং ০৭.১৬১.০০০.০০.০০.০০২.২০১০-১৫১ দ্বারা মাসিক মূল বেতন হিসেবে নির্ধারিত ৪৯,০০০ (ঊনপঞ্চাশ হাজার) টাকা ও বাড়ি ভাড়া বাবদ নির্ধারিত ২৬,৬০০ (ছাব্বিশ হাজার ছয়শত) টাকা প্রাপ্য হবেন। এছাড়া তিনি তাঁর ব্যবহারের জন্য একটি সার্বক্ষণিক মোটরযান এবং তাঁর নিজের ও পরিবারের সদস্যদের জন্য দেশে প্রাপ্ত চিকিৎসা সুবিধা ভোগ করবেন;

(চ) নিয়োগপ্রাপ্তির পর তিনি নিজ নামে বা বেনামে (পোষ্যদের নামে) বিদ্যুৎ ও জ্বালানী খাতভুক্ত কোন ব্যবসা পরিচালনা করতে পারবেন না;

(ছ) চাকুরি সংক্রান্ত অন্যান্য শর্ত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এবং এনার্জি রেগুলেটরী কমিশন (সংশোধন) আইন, ২০০৫ এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (সংশোধন) আইন, ২০১০ ও পরবর্তীতে প্রণীতব্য বিধি দ্বারা নিয়ন্ত্রিত হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারী করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম মোস্তফা**
অতিরিক্ত সচিব (প্রশাসন/অপারেশন)।

---

**যোগাযোগ মন্ত্রণালয়**
**সড়ক বিভাগ**
**তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৯ ডিসেম্বর ২০১৩/২৫ অগ্রহায়ণ ১৪২০

নং ৩৫.০২৮.০২৭.০০.০০.০১৪.২০১০-৩৭৬—যেহেতু, আপনি জনাব মঞ্জুর আহমদ ভূঁইয়া (পরিচিতি নম্বর-০০৫৩৫২), নির্বাহী প্রকেশৌলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ বিগত ১-১-২০০২ তারিখ হতে ৩১-৭-২০০৫ তারিখ পর্যন্ত নির্বাহী প্রকৌশলী হিসেবে ঢাকা সড়ক বিভাগে কর্মকালীন সময়ে "মাঝিনা-কায়েতপাড়া-ত্রিমোহনী সংযোগ সড়ক" শীর্ষক প্রকল্পে ভূমি অধিগ্রহণ ব্যতীত প্রকল্পের পূর্ত কাজ শুরু করে প্রকল্প বাস্তবায়নে জটিলতার সৃষ্টি করেন; এবং

যেহেতু, আপনি সার্ভে ও ডিজাইন খাতে ৩.০০ লক্ষ টাকা বরাদ্দ থাকলেও এ খাতে ১০.০০ লক্ষ টাকা ব্যয় করেন এবং এ প্রকল্পে কোন সার্ভে না করে ৯০ ডিগ্রী বাঁকসহ রাস্তাটির এলাইনমেন্ট নির্ধারণ করেন; এবং

যেহেতু, আপনি ভূমি অধিগ্রহণ ব্যতীত সড়ক বাঁধ নির্মাণের নিমিত্ত মাটির কাজের জন্য টেন্ডার আহ্বান করেন; এবং

যেহেতু, আপনি পরবর্তীতে সড়ক বাঁধ নির্মাণ কাজ সম্পন্ন না করে সরকারি অর্থের অপচয় করেন; এবং

যেহেতু, আপনি উক্ত প্রকল্পের ডিপিপির বিভিন্ন অংগে অর্থ ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধি-বিধান লংঘন করেন; এবং

যেহেতু, আপনি উক্ত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে চরম অবহেলা এবং সরকারি অর্থের অপচয় করেন; এবং

যেহেতু, আপনার উপর্যুক্ত কার্যাকলাপের জন্য আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, উপর্যুক্ত কার্যাকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী অভিযুক্ত করে কেন আপনাকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। একই সঙ্গে ব্যক্তিগত শুনানির মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কিনা কিংবা বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কিনা তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, আপনি ২৫-৮-২০১০ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে ৫-১-২০১১ তারিখে শুনানী গ্রহণ করা হয়। শুনানীকালে আপনার প্রদত্ত জবাব ও বক্তব্য সন্তোষজনক না হওয়ায় বিষয়টি তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু তদন্ত কর্মকর্তা গত ১-৮-২০১৩ তারিখ তাঁর তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদন অনুযায়ী আপনার বিরুদ্ধে নিম্নোক্ত ২ (দুই) টি অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে সুস্পষ্ট মতামত প্রদান করা হয়;

(ক) বাস্তবে কোন সার্ভে বা ডিজাইন না করে বিনা টেন্ডারে বেআইনীভাবে ১০ (দশ) লক্ষ টাকা ব্যয় করা; এবং

(খ) প্রকল্পের ডিপিপি'র অংগ ভিত্তিক নির্ধারিত অর্থ ব্যয় না করে বিধি বহির্ভূতভাবে অর্থ ব্যয় করে সরকারি অর্থের অপচয় করা; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগগুলোর মধ্যে ২ (দুই) টি অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি অনুযায়ী কেন আপনাকে চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করা হবে না সে সম্পর্কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(৬) বিধি অনুযায়ী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য দ্বিতীয় নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু, আপনার দ্বিতীয় কারণ দর্শানোর জবাব এবং সংশ্লিষ্ট সকল দলিল দস্তাবেজ পর্যালোচনায় 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং সেপ্রেক্ষিতে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করা হল; এবং

এক্ষণে, সার্বিক বিবেচনায় জনাব মোঃ মঞ্জুর আহমদ ভূঁইয়া (পরিচিতি নম্বর-০০৫৩৫২), নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২) (এ) অনুযায়ী লঘুদন্ড হিসেবে 'তিরস্কার' (censure) দন্ডিত করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এন, ছিদ্দিক**
সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**পুলিশ শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ ডিসেম্বর ২০১৩

**নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০৪.১৩-১১৩৩**—যেহেতু, জনাব মোঃ জহিরুল ইসলাম ভূঁইয়া, অতিরিক্ত উপ-মহাপুলিশ পরিদর্শক (অতিরিক্ত ডিআইজি), বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় এর বিরুদ্ধে জাতীয় সংসদের প্রশ্নোত্তোরের জবাব প্রস্তুতের মতো অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে যথেষ্ট মনোযোগ ও সতর্কতার সাথে দায়িত্ব পালনে ব্যর্থতার অভিযোগে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক যথাক্রমে অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২৭-২-২০১৩ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০৪.১৩-২৮৬ নম্বর স্মারকে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারি করা হয়; এবং

২। যেহেতু, তিনি নির্ধারিত সময়ে লিখিত জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেছেন; এবং

৩। যেহেতু, তাঁর জবাব ও শুনানী পর্যালোচনায় দেখা যায় যে, প্রশ্নের উত্তর প্রস্তুতের কাজে তিনি একক ভাবে দায়ী নন। রিপোর্ট প্রস্তুত কাজে একটি প্রক্রিয়া অনুযায়ী একাধিক কর্মকর্তা সম্পৃক্ত থাকেন। তিনি সরাসরি সম্পৃক্ত ছিলেন না তবে প্রশ্নের উত্তর পুলিশ হেডকোয়ার্টার্সের সংশ্লিষ্ট শাখা হতে সংগ্রহ পূর্বক সংগৃহীত তথ্যসমূহ নথিতে উপস্থাপন করে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোনদন নিয়ে তিনি মন্ত্রণালয়ে প্রেরণ করেছেন। ফলে এ বিষয়ে তাঁর কোন ব্যক্তিগত দায়-দায়িত্ব থাকার সুযোগ ছিল না বিধায় এ বিভাগীয় মামলায় তাঁর বিরুদ্ধে কার্যক্রম গ্রহণ করার মত কোন উপাদান নেই মর্মে প্রতীয়মান হয়।

৪। সেহেতু, জনাব মোঃ জহিরুল ইসলাম, ভূঁইয়া, অতিরিক্ত উপ-মহাপুলিশ পরিদর্শক (অতিরিক্ত ডিআইজি), বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক যথাক্রমে অদক্ষতা ও অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাঁকে একই বিধিমালার ৭(২) (এ) বিধি অনুযায়ী উক্ত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানপূর্বক ভবিষ্যতের জন্য সতর্ক করা হল।

৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সি কিউ কে মুস্তাক আহমদ**
সিনিয়র সচিব।

---

**আইন অধিশাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৫ ডিসেম্বর ২০১৩

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৮.১৩-১১০**—ঢাকা জেলার পল্টন মডেল থানার মামলা নং-২৪, তারিখ ১২-৭-২০১৩, সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ধারা ৮/৯/(২)১৩ মামলাটির আসামি মোঃ রায়হান শরীফ (২৩), পিতা মৃত আবু তাহের, সাং ফতেহপুর, থানা রামগঞ্জ, জেলা লক্ষীপুর (রুম নং ৪৪৯, সূর্যসেন হল, ঢাকা বিশ্ববিদ্যালয়) এর বিরুদ্ধে নিষিদ্ধ ঘোষিত 'হিজবুল তাহরীর' লিফলেট বিলি ও নিষিদ্ধ ঘোষিত 'হিজবুল তাহরীর' এর কর্মকান্ডে

জড়িয়ে সন্ত্রাসী কর্মকান্ড করার প্ররোচনা দিয়ে দেশের মানুষের মনে বিভ্রান্তি সৃষ্টি করে দেশের ভাবমূর্তি নষ্ট এবং অরাজকতা সৃষ্টি করার লক্ষ্যে সন্ত্রাসী কার্যক্রমের অভিযোগ প্রাথমিকভাবে প্রতীয়মান হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধিত, ২০১২ ও ২০১৩) এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Senction) এতদ্দ্বারা প্রদান করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খায়রুল আলম সেখ**
উপসচিব।

---

## শিক্ষা মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ, ৪ পৌষ ১৪২০/১৮ ডিসেম্বর ২০১৩

**নং শিম/শাঃ১৮/১২/ও ইউ-৩/৯৫/৫১২**—বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২-এর ১৫(১) ধারা অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির ও চ্যান্সেলর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিজনেস এডমিনিস্ট্রেশন অনুষদের ডিন ও ম্যানেজমেন্ট বিভাগের অধ্যাপক ড. মোঃ আবু তাহের-কে নিম্নে বর্ণিত শর্তে উক্ত বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ পদে নিয়োগ প্রদান করেছেন ঃ

(ক) কোষাধ্যক্ষ পদে তাঁর নিয়োগের মেয়াদ ৪ (চার) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর উপযুক্ত মনে করলে মেয়াদ পূর্তির পূর্বেই এ নিয়োগাদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি তাঁর বর্তমান পদের বেতন ভাতাদি পাবেন;

(গ) তিনি বিধি মোতাবেক কোষাধ্যক্ষ পদের সাথে সম্পৃক্ত অন্যান্য সুযোগ-সুবিধা ভোগ করবেন;

(ঘ) বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২ এর ১৫(২)(৩)(৪)(৫) ও (৬) উপধারা মোতাবেক তিনি তাঁর দায়িত্ব পালন করবেন;

(ঙ) তাঁর এই নিয়োগ যোগদানের তারিখ থেকে কার্যকর করা হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে

**লায়লা আরজুমান্দ বানু**
উপ-সচিব (বিশ্ববিদ্যালয়-২)।

---

**[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত]**

## স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
## পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
### প্রশাসন শাখা-১

### প্রজ্ঞাপন

তারিখ, ৩০ মাঘ ১৪১৯/১২ ফেব্রুয়ারি ২০১৩

**নং ৪৭.০৩১.০১৫.০০.০০.০০২.২০১০/১৮৫**—পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ইউনিট (আইসিটি ইউনিট) এর জন্য বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সুপারিশক্রমে আপনাকে নাম বেগম আফরিন মোহাম্মদ আঁখি, পিতার নাম ঃ জনাব মীর মোহাম্মদ আলী, গ্রাম কেল্লাই, ডাকঘর কেল্লাই, উপজেলা ঘিওর, জেলা মানিকগঞ্জ। এ বিভাগের অস্থায়ী সহকারী প্রোগ্রামার পদে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১১,০০০—২০,৩৭০ টাকা বেতনক্রমে এবং বিধি মোতাবেক প্রাপ্য ভাতাসহ নিম্নলিখিত শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হইল ঃ

(১) আপনি দুই বৎসরকাল শিক্ষানবিস হিসাবে কাজ করিবেন। শিক্ষানবিসকালে আপনাকে চাকুরীতে বহাল রাখিবার অনুপযোগী বিবেচিত হইলে কোন কারণ দর্শানো ছাড়াই আপনাকে চাকুরীচ্যুত করা যাইবে অথবা আপনার শিক্ষানবীসকাল বাড়ানো যাইবে।

(২) আপনি বিদেশী কোন নাগরিককে বিবাহ করিয়া থাকিলে অথবা বিবাহ করার জন্য অংগীকারাবদ্ধ হইয়া থাকিলে এই নিয়োগ বাতিল বলিয়া গণ্য হইবে।

(৩) আপনার চরিত্র এবং পূর্ব কার্যকলাপ এবং চারিত্রিক পূর্ব পরিচয় সন্তোষজনক বিবেচনা সাপেক্ষে এই নিয়োগ প্রদান করা হইল। পুলিশী তদন্তে আপনার বিরুদ্ধে কোন বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে এই নিয়োগপত্র বাতিল বলিয়া গন্য হইবে।

(৪) এই পদে নিয়োগের জন্য আপনাকে ঢাকাস্থ সিভিল সার্জন অথবা বাংলাদেশ সচিবালয় ক্লিনিকের সিভিল সার্জন দ্বারা স্বাস্থ্য পরীক্ষা করাইয়া শারীরিক সুস্থতার সনদপত্র দাখিল করিতে হইবে। স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে এই নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

(৫) বর্তমানে আপনি কোন সরকারি বা বে-সরকারি দফতরে কর্মরত থাকিলে আপনাকে আপনার বর্তমান কর্তৃপক্ষের নিকট হইতে যথাযথ অব্যাহতি (রিলিজ) গ্রহণ করিয়া এই বিভাগে দাখিল করতে হইবে।

(৬) এই নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই এইরূপ কোন শর্ত আপনার চাকুরীর ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

(৭) এই চাকুরীতে যোগদানের জন্য আপনি কোন ভ্রমণভাতা/দৈনিক ভাতা পাইবেন না।

(৮) উপরোল্লিখিত শর্তাবলী আপনার নিকট গ্রহণযোগ্য হইলে আগামী ২৫-০২-২০১৩ তারিখের মধ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে (ভবন নং-৭, কক্ষ নং-৬২১, ৭ম তলা) যোগদান করার জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হইল। অন্যথায় এই নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আশরাফুল মোসাদ্দেক**
উপ-সচিব (প্রশাসন)।

**ভূমি মন্ত্রণালয়**
**অধিগ্রহণ শাখা-০২**
**এল.এ. কেস নং-৫৪/৬১-৬২**
**ঘোষণাপত্র**
**(ফরম নং-ঘ)**
**সম্পত্তি হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ২৩ ফেব্রুয়ারি ২০১৪

নং **৩১.০০.০০০০.০৪৮.৩৪.০০৫.১৪-৩৯**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি **১৯৪৮** সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইনের **১৩**(৩) ধারা মোতাবেক ০১-০৩-১৯৬২ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে। যেহেতু উক্ত সম্পত্তি হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু উক্ত আইনের ৫(৭) ধারার ক্ষমতা বলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা-বরিশাল, উপজেলা-বরিশাল সদর, মৌজা-কাউনিয়া, জে.এল.নং-৪৭।

দাগ নং-(১) পূর্ণ দাগ ঃ **১১১৩, ১১১৪, ১১১৫, ১১১৬, ১১১৭, ১১১৮, ১১১৯, ১১২০, ১১২১, ১১২২, ১১২৩** এবং **১২১৮**।

মোট জমির পরিমাণ **১.৯৪** একর (এক একর চুরানব্বই শতাংশ)।

ভূমি নক্সা বরিশাল জেলা প্রশাসকের কার্যালয়, এল.এ. শাখায় দেখা যেতে পারে।

**পারভীন আকতার**
যুগ্ম-সচিব।